**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা
এস ইসলাম পার্ক ভিউ, ১৫২/১ পার্ক রোড, ছোটরা, কুমিল্লা-৩৫০০
www.cevccumilla.gov.bd

নথি নম্বর: ২য়/০৫-জনপ্রশাঃ/নিয়োগ/৩য় ও ৪র্থ শ্রেণি/২০২৩/১৪২৩৬

তারিখ: আশ্বিন ১৪৩০ / ০৪ অক্টোবর ২০২৩

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ** এর **স্মারক নং-০৮.০০.০০০০.০৩৮.১১.০২১.২২.৬২, তারিখ-২০/০২/২০২৩ খ্রি. অনুযায়ী** প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা এর অধীনে গ্রেড-১১ হতে গ্রেড- ২০ পর্যন্ত বিভিন্ন শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে এ কমিশনারেট এর আওতাভুক্ত নিম্নবর্ণিত জেলাসমূহের প্রকৃত স্থায়ী বাসিন্দা/নাগরিকগণের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের শর্ত সাপেক্ষে (http://cevccumilla.teletalk.com.bd) **ওয়েবসাইটের মাধ্যমে** দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| **ক্রমিক** | **পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)** | **পদের সংখ্যা** | **শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা (ন্যূনতম)** | যে সকল জেলার স্থায়ী বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ০১ | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১১ (১২,৫০০-৩০,২৩০/-) | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। | কুমিল্লা, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া |
| ০২ | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩ (১১,০০০-২৬,৫৯০/-) | ০১ (এক) টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে;<br>(ঘ) সাঁটলিপি লিখনে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) বাংলায়-৫০ শব্দ ও ইংরেজিতে-৮০ শব্দ এবং কম্পিউটার টাইপিং সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) বাংলায়-২৫ শব্দ ও ইংরেজিতে-৩০ শব্দ। | কুমিল্লা, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া |
| ০৩ | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪ (১০,২০০-২৪,৬৮০/-) | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে;<br>(ঘ) কম্পিউটার টাইপিং সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) বাংলায়-২৫ শব্দ ও ইংরেজিতে-৩০ শব্দ। | কুমিল্লা, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া |
| ০৪ | ক্যাশিয়ার<br>গ্রেড-১৪ (১০,২০০-২৪,৬৮০/-) | ০৪ (চার) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনপক্ষে বাণিজ্য বিষয়ে স্নাতক ডিগ্রি;<br>(খ) সরকারি নিয়ম অনুসারে জামানত জমা দিতে হইবে। | কুমিল্লা, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া |
| ০৫ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪ (১০,২০০-২৪,৬৮০/-) | ০২ (দুই) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(ঘ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজিতে-৭০ ও বাংলায়-৪৫ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজিতে-৩০ ও বাংলায়-২৫ শব্দ। | কুমিল্লা, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া |
| ০৬ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ০৬ (ছয়) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে এবং<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজিতে-২০ ও বাংলায়-২০ শব্দ। | কুমিল্লা, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া |
| ০৭ | গাড়ী চালক (ড্রাইভার)<br>গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ১০ (দশ) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স এবং<br>(গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন। | কুমিল্লা, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | সিপাই<br>গ্রেড-১৭ (৯,০০০-২১,৮০০/-) | ৩৯<br>(উনচল্লিশ) টি | (ক) ন্যূনপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ এবং নিম্নরূপ শারিরীক যোগ্যতা সম্পন্ন হইতে হইবে:<br>উচ্চতা: ৫´-৪´´ (পুরুষের ক্ষেত্রে)<br>৫´-২´´ (মহিলার ক্ষেত্রে)<br>বুকের মাপ: ৩০´´ -৩২´´ উভয় ক্ষেত্রে। | কুমিল্লা, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া |
| ০৯ | ডেসপাস রাইডার<br>গ্রেড-১৮ (৮,৮০০-২১,৩১০/-) | ০১ (এক) টি | (ক) ন্যূনপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) শারিরীক যোগ্যতা সম্পন্ন;<br>(গ) মটর সাইকেল ড্রাইভিং এ অভিজ্ঞতাসহ বৈধ লাইসেন্সধারী হইতে হইবে। | কুমিল্লা, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া |
| ১০ | অফিস সহায়ক<br>গ্রেড-২০ (৮,২৫০-২০,০১০/-) | ১৪ (চৌদ্দ) টি | (ক) ৮ম (অষ্টম) শ্রেনী পর্যন্ত শিক্ষাপ্রাপ্ত;<br>(খ) সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। | কুমিল্লা, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া |
| ১১ | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০ (৮,২৫০-২০,০১০/-) | ০২ (দুই) টি | ৮ম (অষ্টম) শ্রেনী পর্যন্ত শিক্ষাপ্রাপ্ত। | কুমিল্লা, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া |

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

১। প্রার্থীর বয়সঃ
   ক) ৩১ অক্টোবর ২০২৩ তারিখে প্রার্থীদের বয়সসীমা ১৮-৩০ বৎসর এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের বয়সসীমা ১৮-৩২ বৎসর।
   খ) সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের বিপরীতে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

২। সরকারী/আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিতে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৩। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৪। সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

৫। প্রার্থীর যোগ্যতা যাচাই:
প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক- ০১ হতে ০৯ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের ছায়ালিপি দাখিল করতে হবে।

   (ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ)।
   (খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ।
   (গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।
   (ঘ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণক।
   (ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন
   (চ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি ( Applicant's Copy) ও (Admit Card)
   (ছ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিংবা বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং আবেদনকারীর সাথে ধারাবাহিকতার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।
   (জ) শারিরীক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

৬। নিয়োগ নীতিমালা অনুযায়ী বাছাইকৃত প্রার্থীকে লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কেবলমাত্র লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৭। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময়সূচি পরবর্তীতে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটের www.cevccumilla.gov.bd মাধ্যমে জানানো হবে এবং প্রার্থীদের ব্যক্তিগত মুঠোফোনে SMS এর মাধ্যমে জানানো হবে।

৮। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১০। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১১। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**১২। অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:**
   (ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://cevccumilla.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
      (i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান **শুরুর তারিখ ও সময় ০১ নভেম্বর ২০২৩** খ্রিস্টাব্দ **সকাল-১০:০০** ঘটিকা।
      (ii) Online-এ আবেদনপত্র জমাদানের **শেষ তারিখ ও সময় ৩০ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ বিকাল-০৫:০০ ঘটিকা।**
      উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit- এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।
   (খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ ১০০ KBও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।
   (গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**
   (ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS **প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান**: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant’s Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant’s Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant’s Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৩৫/- টাকাসহ **মোট ৩৩৫/- (তিনশত পঁয়ত্রিশ) টাকা**, ২, ৩, ৪, ৫, ৬ ও ৭ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৩/- টাকাসহ **মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা** এবং ৮, ৯, ১০ ও ১১ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalkএর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ **মোট ১১২/- (একশত বারো) টাকা** অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, “Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।”

প্রথম SMS: **CEVCCUMILLA**<space>**User ID** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example : **CEVCCUMILLA ABCDEF** & send to 16222
Reply: Applicant’s Name, TK-334/223/112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type CEVCCUMILLA<Space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS **CEVCCUMILLA**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে16222নম্বরে।
Example: **CEVCCUMILLA Yes 12345678** & send to 16222
Reply: Congratulations! Applicant’s Name, Payment completed successfully for CEVCCUMILLA Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://cevccumilla.teletalk.com.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু মাত্র টেলিটক প্রি-পেইড মোবাইলফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: **CEVCCUMILLA**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: **CEVCCUMILLA Help User ABCDEF** & Send to 16222.

(ii) PIN Number জানা থাকলে: **CEVCCUMILLA**<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to 16222.
Example: CEVCCUMILLA Help PIN 12345678 & Send to 16222.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা এর ওয়েব সাইট www.cevccumilla.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদ্‌সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে অথবা **QR-Code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd/cevccumilla ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.cevccumilla.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা cevccomilla@gmail.com ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল এর ফেসবুকপেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: Customs, Excise & VAT Commissionerate, Cumilla, Post Name: * * *, Applicant’s User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদন পত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যেকোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৩। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমা দান করতে পরামর্শ দেয়া যাচ্ছে

08/10/2026

**নাহিদ নওশাদ মুকুল**
যুগ্ম কমিশনার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা